নেত্রকোণা সদর উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : আসমা বিনতে রফিক, প্রশাসক, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ২৪.০২.২০২৫ খ্রি.।
সভার সময় : বেলা ১১.০০ টা।
সভা নং : ০৯

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য :

প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনো প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি ও উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়নের জন্য সকল প্রকল্পসমূহ পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং e-gp তে দরপত্রের সকল Document প্রস্তুত করা হয়েছে। আগামী ২৪-০২-২০২৫ খ্রি. তারিখের মধ্যেই Tender live এ দেওয়া হবে। | ২০২৪-২০২৫ অর্থ বছরে টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ ও পিআইসির মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের কার্যক্রম আগামী ৩০ মে ২০২৫ তারিখের মধ্যে শেষ করতে হবে। | উপজেলা প্রকৌশলী নেত্রকোণা সদর নেত্রকোণা ও সংশ্লিষ্ট চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তার দপ্তরের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিদ্যালয়ে পরিদর্শনে দেখা যায় যে, অনেক বিদ্যালয় জরাজীর্ণ, সেগুলো মেরামত করা প্রয়োজন। বিদ্যালয় মেরামতে ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদ হতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানান। শিক্ষকগণকে বিদ্যালয়ে নিয়মিত উপস্থিত হওয়ার জন্য নির্দেশানা প্রদান করা হয়েছে এবং মনিটরিং করা হচ্ছে। শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধকল্পে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>সভাপতি সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে, তার তথ্য সংগ্রহ করে তালিকা প্রস্তুত করার জন্য অনুরোধ জানান। | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে।<br>(গ) শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই সে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকেজো আছে তা সরেজমিন পরিদর্শনপূর্বক তালিকা প্রস্তুত করে উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে।<br>(ছ) বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন এবং ঝড়ে পড়ে যাওয়া গাছ বিধি মোতাবেক নিলামে বিক্রয় করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নেত্রকোণা সদর |

| | | | (জ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | |
|---|---|---|---|---|

৩. কৃষি বিভাগ

উপজেলা কৃষি অফিসার জানান যে, সার ও বীজের কৃত্রিম সংকট না হওয়ার জন্য মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি অফিসারগণ কর্তৃক সার্বক্ষণিক মাঠে বিসিআইসি, বিএডিসি ও খুচরা সারের দোকান মনিটরিং করা হচ্ছে যাতে ডিলারগণ সরকারি মূল্যের চেয়ে বেশি দামে কৃষকের মাঝে রাসায়নিক সার ও ঔষধ বিক্রয় করতে না পারে। চলমান বোরো মৌসুমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সুষম মাত্রায় রাসায়নিক সার প্রয়োগ, বিভিন্ন আধুনিক প্রযুক্তি যেমন লাইনে চারা রোপন, লোগো পদ্ধতিতে চারা রোপন, নির্দিষ্ট বয়সের চারা রোপন, ধানের জমিতে পার্চিং, জৈব সারের ব্যবহার, আলোক ফাঁদের মাধ্যমে অপকারী পোকা দমনের যথাযথ পদক্ষেপ গ্রহণসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। তিনি আরও জানান আসন্ন খরিপ -১ মৌসুমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নিম্নে উল্লিখিত পরিকল্পনা গ্রহণ করা হবে।

| ফসলের নাম | ২০২৩-২৪ অর্থ বছর আবাদ অর্জিত (হেক্টর) | ২০২৪-২৫ অর্থ বছরে আবাদের লক্ষ্যমাত্রা (হেক্টর) | মন্তব্য |
|---|---|---|---|
| আউশ | ২০০ | ২২০ | উদ্বুদ্ধকরণের মাধ্যমে |
| সবজি | ৫১৫ | ৫২৫ | উদ্বুদ্ধকরণের মাধ্যমে<br>১.গ্রীষ্মকালীন টমেটো চাষ<br>২. বর্ষাকালী মরিচের আবাদ |
| পাট | ৪৫৫ | ৪৭৫ | উদ্বুদ্ধকরণের মাধ্যমে |
| আদা | ২০ | ৩০ | উদ্বুদ্ধকরণের মাধ্যমে<br>১.বস্তায় আদা চাষ |
| হলুদ | ৪৫ | ৫০ | উদ্বুদ্ধকরণের মাধ্যমে |
| ফলমূল | ১৭৪৩ | ১৭৬০ | উদ্বুদ্ধকরণের মাধ্যমে |
| তিল | ২ | ৫ | উদ্বুদ্ধকরণের মাধ্যমে |

ঘ) রাসায়নিক সারের বরাদ্দ, উত্তোলন ও মজুদ পরিস্থিতি তারিখঃ১৭/০২/২০২৫

| ক্রম নং | বিসিআইসি ডিলারের নাম | জানুয়ারি/২৫ মাসের ইউরিয়া সারের (মে.টন) | | | ফেব্রুয়ারি/২৫ মাসের ইউরিয়া সারের (মে.টন) | | | অদ্যকার মজুদ (মে.টন) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বরাদ্দ | উত্তোলন | অনুত্তোলন | বরাদ্দ | উত্তোলন | অনুত্তোলন | ইউরিয়া | টিএসপি | এমওপি |
| ১ | মেসার্স সাথী ট্রেডার্স, কাইলাটি ইউনিয়ন | ১২৮ | ১২৮ | - | ৯৪ | ০ | ৯৪ | ৮০.১ | ১১ | ১২.৩ |
| ২ | - পূর্বাশা ট্রেডার্স, [illegible] ইউনিয়ন | ১২৮ | ১২৮ | - | ৯৪ | ৪০ | ৫৪ | ৬৮.১ | ০.২৫ | ০.৩ |
| ৩ | - বিকাশ কান্তি [illegible] ইউনিয়ন | ১২৬ | ১২৬ | - | ৯৪ | ০ | ৯৪ | ৪৮.৫৫ | ৫.৮৫ | ২.৫ |
| ৪ | - এটিএম মোস্তফা [illegible] ,মৌগাতি ইউনিয়ন | ১২৮ | ১০২ | ২৬ | ৯৫ | ২৩.৫ | ৭১.৫ | ২৯.৮৫ | ২.০৫ | ৯.২ |
| ৫ | - সাহা ট্রেডার্স, আমতলা ইউনিয়ন | ১২৪ | ১২৪ | - | ৯০ | ৮০ | ১০ | ১০০.৮৫ | ৯.১ | ২৫.৯ |
| ৬ | - মোঃ খলিলুর রহমান ,ঠাকুরাকোণা | ১২৪ | ১২৪ | - | ৯০ | ০ | ৯০ | ৩৯.১ | ৪.৭ | ৫.০৫ |
| ৭ | - সামছুল হক, পৌরসভা | ১২৮ | ১২৮ | - | ৯৪ | ৪০ | ৫৪ | ৬৬.২ | ৬.৭৫ | ১১ |
| ৮ | - নিপুন কান্তি ভৌমিক,চল্লিশা ইউনিয়ন | ১২৪ | ১২৪ | - | ৯০ | ২০ | ৭০ | ১১৯.৬৫ | ২০.২৫ | ১০.৮৫ |
| ৯ | ,মনোরঞ্জন সরকার, সিংহের বাংলা ইউনিয়ন | ১২৬ | ১১২ | ১৪ | ৯৪ | ০ | ৯৪ | ৬০.৩ | ১.৯ | ১.৭ |
| ১০ | - চিত্তরঞ্জন সরকার, মদনপুর ইউনিয়ন | ১২৮ | ১২৮ | - | ৯৪ | ৩২ | ৬২ | ৮৩.২ | ৬.৩ | ৭.১৫ |
| ১১ | - রাজীব | ১২৪ | ১০৪ | ২০ | ৯০ | ০ | ৯০ | ৬০ | ১৩.৬ | ১৭.০৫ |

**সিদ্ধান্ত:**

(ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।
(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমুল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।
(ঘ) ইউনিয়নওয়ারি বিভিন্ন প্রকার সার কি পরিমাণ মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।
(ঙ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপস গ্রুপে প্রদান করতে হবে।
(চ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।

**বাস্তবায়নে:** উপজেলা কৃষি অফিসার নেত্রকোণা সদর

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১০ | [illegible] ইউনিয়ন | ১২৮ | ১২৮ | - | ১৪ | ৩২ | ৬২ | ৮০.২ | ৬.০ | ৭.১৫ | | ১২.০৫ |
| ১১ | [illegible] ইউনিয়ন | ১২৪ | ১০৪ | ২০ | ১০ | ০ | ১০ | ৬০ | ১০.৬ | ১৭.০৫ | | ১৩.৬৫ |
| ১২ | [illegible] ইউনিয়ন | ১২৪ | ১০৯ | ১৫ | ১০ | ২০ | ৭০ | ৯৫.৪৫ | ২০.৬ | ১০.৬৫ | | ৮.৬ |
| ১৩ | [illegible] ইউনিয়ন | ১২৪ | ১২৪ | - | ৯০ | ২০ | ৭০ | ২৮.২ | ২০.৬ | ১১.১৫ | | ৯.৩৫ |
| ১৪ | [illegible] ইউনিয়ন | ১২৪ | ১২৪ | - | ৯০ | ৪০ | ৫০ | ৬২.০৫ | ১.৫ | ১৫.২ | | ১০.১ |
| ১৫ | [illegible] ইউনিয়ন | ১২৪ | ১২৪ | - | ৯০ | ২০ | ৭০ | ৫৮.১৫ | ৮.৮৫ | ০.৮ | | ১৮.৭ |
| ১৬ | [illegible] ইউনিয়ন | ১২৪ | ১২৪ | - | ৯০ | ০ | ৯০ | ৪৫.৬৫ | ৮.১ | ১ | | ২১.২ |
| ১৭ | [illegible] ইউনিয়ন | ১২৪ | ১২৪ | - | ৯০ | ২০ | ৭০ | ৪০.২৫ | ০.৪ | ২.১ | | ২ |
| ১৮ | [illegible] ইউনিয়ন | ১২৮ | ১২৮ | - | ৯৪ | ২০ | ৭৪ | ২৮.৬ | ০.৩ | ০.৮৫ | | ১.৮ |
| | মোট | ২২৬০ | ২১৮৫ | ৭৫ | ১৬৮০ | ৪৬১.৫ | ১২১১.৫ | ১১১০.২৫ | ১৬২.৫ | ১৪৭.৭৫ | | ১৬৯.৫৫ |

প্রাণি সম্পদ বিভাগ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান বাজারে বিশুদ্ধ দুধ ও ডিমের সরবরাহ করতে খামারীদের পরামর্শ প্রদান করা হচ্ছে। গরু মোটা তাজাকরণে যাতে রাসানয়িক দ্রব্যাদি ব্যবহার না করে সে বিষয়ে খামারীদের পরামর্শ প্রদনা করা হচ্ছে। তার দপ্তর হতে ক্ষুদ্র ঋণ বিতরণের সুযোগ রয়েছে। তিনি প্রকৃত গরীব মানুষের তালিকা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যান/ প্রশাসকদের অনুরোধ জানান। তাছাড়া তিনি তার দপ্তরের কার্যক্রমের অগ্রগতির নিম্নরূপ তথ্যাদি সভায় উপস্থাপন করেন:

| ক্র. নং | কার্যক্রমের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | চলতি মাসের লক্ষ্যমাত্রা | চলতি মাসে অর্জন | ক্রম:পুঞ্জিত লক্ষ্যমাত্রা | ক্রম:পুঞ্জিত অর্জন | মন্তব্য (ক্রম:পুঞ্জিত অর্জনের হার) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা) | ১২৯০০ | ১০৭৫ | ৬২০ | ৮৬০০ | ৭৭১৫ | ৫৯.৮১% |
| | ক. তরল সিমেন দ্বারা | ০ | ০ | ০ | ০ | ০ | NAN% |
| | খ. হিমায়িত সিমেন দ্বারা | ১২৯০০ | ১০৭৫ | ৬২০ | ৮৬০০ | ৭৭১৫ | ৫৯.৮১% |
| ২ | সংকর জাতের গবাদি পশুর বাছুরের তথ্য সংগ্রহ (সংখ্যা) | ৬৩২০ | ৫২৭ | ৪৪৫ | ৪২১৩ | ৩৬১০ | ৫৭.১২% |
| ৩ | সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ | ৮৩৫০০০ | ৬৯৫৮৩ | ৪৭১৬০ | ৫৫৬৬৬৭ | ৪১৫৪৫৪ | ৪৯.৭৫% |
| | ক) গবাদি পশু (সংখ্যা) | ৭৫০০০ | ৬২৫০ | ১১৬০ | ৫০০০০ | ৬৪৪৫৪ | ৮৫.৯৪% |
| | খ) হাঁস-মুরগী (সংখ্যা) | ৭৬০০০০ | ৬৩৩৩৩ | ৪৬০০০ | ৫০৬৬৬৭ | ৩৫১০০০ | ৪৬.১৮% |
| ৪ | গবাদিপশুর চিকিৎসা প্রদান (সংখ্যা) | ৩৯০০০ | ৩২৫০ | ৩৪৫২ | ২৬০০০ | ২৬৫৩৮ | ৬৮.০৫% |
| ৫ | হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা) | ৩৪০০০০ | ২৮৩৩৩ | ৩৪১৩২ | ২২৬৬৬৭ | ২৩২৬৭৮ | ৬৮.৪৩% |
| ৬ | পোষা প্রাণির চিকিৎসা প্রদান (সংখ্যা) | ৮০ | ৭ | ৩১ | ৫৩ | ৮৪ | ১০৫% |
| ৭ | গবাদিপশু-পাখির রোগ | ১০০ | ৮ | ৮ | ৬৭ | ৬৫ | ৬৫% |

(ক) সঠিকভাবে গবাদি পশু লালন-পালনের নিমিত্ত খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।
(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।
(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে, মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।
(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।

উপজেলা প্রাণিসম্পদ অফিসার নেত্রকোণা সদর

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা) | | | | | | |
| ৮ | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা) | ২৫ | ২ | ২ | ১৭ | ১৬ | ৬৪% |
| ৯ | ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্পস্থাপন (সংখ্যা) | ১৫ | ১ | ২ | ১০ | ১০ | ৬৬.৬৭% |
| ১০ | খামারী প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) | ৪০০ | ৩৩ | ০ | ২৬৭ | ২২০ | ৫৫% |
| ১১ | মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) | ৭০ | ৬ | ০ | ৪৭ | ৪৪ | ৬২.৮৬% |
| ১২ | উঠান বৈঠকের আয়োজন সংখ্যা | ১০০ | ৮ | ১৫ | ৬৭ | ৭০ | ৭০% |
| ১৩ | স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একর) | ২৩ | ১.৯২ | ২ | ১৫.৩৬ | ১৬ | ৬৯.৫৭% |
| ১৪ | খামার / ফিড মিল/ হ্যাচারি পরিদর্শন (সংখ্যা) | ১১০ | ৯ | ৯ | ৭৩ | ৭৪ | ৬৭.২৭% |
| ১৫ | পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ৬ | ১ | ০ | ৪ | ৪ | ৬৬.৬৭% |
| ১৬ | গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ১৬ | ১ | ০ | ১১ | ৮ | ৫০% |
| ১৭ | মোবাইল কোর্ট পরিচালনাকরা (সংখ্যা) | ৪ | ০ | ১ | ৩ | ১ | ২৫% |
| ১৮ | দুধ উৎপাদন (মেট্রিক টন) | ২৯৫০০ | ২৪৫৮ | ২৭০৮.২৮ | ১৯৬৬৭ | ১৯৯৪১.৭৮ | ৬৭.৬% |
| ১৯ | মাংস উৎপাদন (মেট্রিক টন) | ২৪০০০ | ২০০০ | ২৩১২.২৩ | ১৬০০০ | ১৬২১৩.৪৭ | ৬৭.৫৬% |
| ২০ | ডিম উৎপাদন (লক্ষ) | ৫৯৭ | ৪৯.৭৫ | ৫২.৫ | ৩৯৮ | ৪০১ | ৬৭.১৭% |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের টি.আর ও কাবিখার আওতায় বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের অনুকূলে সকল ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প পাওয়া গেছে। এখন অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরারব প্রেরণ করা হবে। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের টি.আর ও কাবিখার আওতায় গৃহীত প্রকল্প যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।<br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৬. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন -২০১০ এর আওতায় পাঁচটি প্রতিষ্ঠানকে মৎস্য খাদ্য ও পশু খাদ্য লাইসেন্স না থাকায় ৩৫,০০০/-(পয়ত্রিশ হাজার টাকা) জরিমানা করা হয়েছে। এছাড়া যে সকল বিক্রেতা মৎস্য খাদ্য লাইসেন্স ব্যতীত এবং লাইসেন্স নবায়ন ব্যতীত বিক্রয় করছেন তাদের তাগিদ পত্র প্রেরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। অন্যান্য আইন বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। পানি পরীক্ষাসহ পরামর্শ প্রদান চলমান রয়েছে। সচেতনতা বৃদ্ধির আওতায় জলাশয় সংলগ্ন তীরবর্তী জেলেদের মাঝে মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ বিষয়ক সচেতনতা ও প্রচার প্রচারণা কার্যক্রম চলমান রয়েছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে সরেজমিন পরিদর্শন করে মৎস্যজীবী ও খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার | সিনিয়র উপজেলা মৎস্য অফি: নেত্রকোণা সদর |

<table>
<tr><td></td><td></td><td></td><td>উপকরণ ব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ইউপি চেয়ারম্যানগণ জলাশয়ে অবৈধ বাঁধ অথবা স্থাপনা অপসারণের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৭.</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ইউনিয়নে ০৯টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র আছে, ৫৬টি স্যাটেলাইট ক্লিনিক আছে। কিন্তু কোনো ডাক্তার নেই। স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারি হয় না। ঔষধের সরবরাহ না থাকায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে ঔষধ দেওয়া যাচ্ছে না। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>(ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভিন্ন ইউনিয়নে কতটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্যাটেলাইট ক্লিনিক রয়েছে এবং প্রতিটি কেন্দ্রে ডাক্তার আছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারির তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) পরিচালিত কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>৮.</td><td>উপজেলা সমাজসেবা বিভাগ</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যক্তা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক নিম্নরূপ সংখ্যা সভায় উপস্থাপন করেন :
<table>
<tr><th>ইউনিয়ন</th><th>বয়স্ক ভাতাভোগীর সংখ্যা</th><th>বিধবা ভাতাভোগীর সংখ্যা</th><th>প্রতিবন্ধী ভাতা ভোগীর সংখ্যা</th></tr>
<tr><td>মৌগাতী</td><td>১৫৭৫</td><td>১০৬০</td><td>৬২</td></tr>
<tr><td>চল্লিশা</td><td>১৬২৬</td><td>১০৭৮</td><td>৫৯৪</td></tr>
<tr><td>মেদনী</td><td>১৭১৩</td><td>১২৩০</td><td>৫১৯</td></tr>
<tr><td>রৌহা</td><td>১৫৮০</td><td>১২০৬</td><td>৬০৫</td></tr>
<tr><td>কাইলাটী</td><td>১৪৪৫</td><td>১১৫১</td><td>৬৪০</td></tr>
<tr><td>মদনপুর</td><td>১৫৭৬</td><td>১৬৬৪</td><td>৭৩৯</td></tr>
<tr><td>সিংহের বাংলা</td><td>১৬৭২</td><td>১২৫২</td><td>৩৯৬</td></tr>
<tr><td>ঠাকুরাকোণা</td><td>১৬৮৮</td><td>১১৩৬</td><td>৩৯৮</td></tr>
<tr><td>কেগাতী</td><td>১৭৮৩</td><td>১১৩৬</td><td>৫৩৪</td></tr>
<tr><td>আমতলা</td><td>১৫৮৮</td><td>১১১৫</td><td>৪৮৬</td></tr>
<tr><td>লক্ষীগঞ্জ</td><td>১৪৫৪</td><td>১১৮৩</td><td>৫৬০</td></tr>
<tr><td>দ. বিশিউড়া</td><td>১৪৯০</td><td>১৩৬৭</td><td>৬২৬</td></tr>
</table>
তিনি আরও জানান ২০২৪-২০২৫ অর্থবছরে প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য ১২৫৩ জনের বরাদ্দ পাওয়া গেছে। নতুন আবেদনগুলো ভাতা প্রদানের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। উপজেলা সমাজসেবা কার্যালয় থেকে সুদমুক্ত ক্ষুদ্রঋণ, পল্লী মাতৃকেন্দ্র ঋণ, দুগ্ধ ও প্রতিবন্ধী ঋণ ও আশ্রয়ণ প্রকল্পে ঋণ প্রদান কার্যক্রম চালু আছে। তাছাড়া নেত্রকোণা সদর উপজেলায় ১২টি ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত এতিমখানা রয়েছে। যেগুলো সমাজসেবা অফিস হতে নিয়মিত মনিটরিং করা হয়।</td><td>(ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনগুলোর পে-রোল রাখতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
<tr><td>৯.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিস</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিরি আরও জানান ভিডব্লিউবি ২০২৩- ২০২৪ চক্রের ডিসেম্বর/২৪ মাসের ডিও জারি করা হয়েছে। ভিডব্লিউবি তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব</td><td>(ক) ভিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নেত্রকোণা</td></tr>
</table>

সমবায় বিভাগ

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>সাইট এ দেওয়া আছে। ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় সদর উপজেলার ১২টি ইউনিয়নের ভাতাভোগীদের জুলাই/২৪ হতে নভেম্বর/২৪ পর্যন্ত জিটুপি সিস্টেমে ভাতা বিতরণ অব্যাহত আছে।<br>নেত্রকোণা জেলাধীন সদর উপজেলায় ১২ টি ইউনিয়নে ও পৌরসভায় কিশোর কিশোরী ক্লাব চলমান রয়েছে এবং চলতি মাসের প্রথম সপ্তাহ (০১.০২.২০২৫) একটি ক্লাবে তারুণ্যের উৎসব পালিত হয়। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে ।</td>
<td>একটি করে বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে তা জরুরি ভিত্তিতে পূরণ করতে হবে।<br><br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে হবে।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>সদর<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল)</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td>
<td>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোনা সদর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ২০২৩-২০২৪ অর্থবছরের সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপসমূহের বাকী ১০০টি নলকূপ এর কাজের ১০০ টির বোরিং এর কাজ শেষ এবং ৫৫টির প্লাটফর্ম ও ট্যাংকিসহ কাজ শেষ হয়েছে । ২০২৪-২০২৫ অর্থবছরে বরাদ্দকৃত গভীর নলকূপ এর আবেদন গ্রহণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। উক্ত আবেদনগুলি উপজেলা ওয়াটসান কমিটির মাধ্যমে যাচাই বাছাই এর কাজ চলমান রয়েছে। এছাড়াও সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্প এর আওতায় নেত্রকোনা জেলাধীন সদর উপজেলার মদনপুর ইউনিয়ন এ হয়রত শাহ সুলতান কমর উদ্দিন রুমী (রঃ) মাজারে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই এর ওভার হেড ট্যাংক এর কাজ শেষ, প্রকল্প অফিস হতে পাইপ লাইন নেটওয়ার্ক এর ড্রইং চলে এসেছে। শ্রীঘ্রই পাইপ লাইনের কাজ শুরু হবে। সদর উপজেলার PEDP-4 প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলির ওয়াশ ব্লক ও নলকূপ এর কাজ চলমান এবং ৫২ টি ওয়াশ ব্লক এর কাজ সমাপ্ত হয়েছে।</td>
<td>(ক) গভীর নলকূপসমূহ যথাযথভাবে স্থাপন করতে হবে।<br><br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অধিদপ্তর নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১১</td>
<td>পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের আওতায় উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিত কার্যক্রমসমূহের অগ্রগতি নিম্নরুপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>মাসে বিতরণ (লক্ষ টাকায়)</th><th>মাসে আদায় (লক্ষ টাকায়)</th><th>বিতরণ (লক্ষ টাকায়)</th><th>আদায় (লক্ষ টাকায়)</th><th>আদায়ের হার</th></tr>
<tr><td>পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি</td><td>০.০০</td><td>৬.৭৪</td><td>২৬৪.০০</td><td>২২৫.০০</td><td>৮৫%</td></tr>
<tr><td>মহিলা উন্নয়ন অনুবিভাগ</td><td>০.০০</td><td>১.৭৪</td><td>৯৭৫.৪৬</td><td>৯৩৭.৫৮</td><td>৯৬%</td></tr>
<tr><td>আবর্তক (কৃষি ঋণ) কর্মসূচি</td><td>০.০০</td><td>০.৮৮</td><td>১৪০.৬১</td><td>১২১.৮৩</td><td>৮৭%</td></tr>
<tr><td>অপ্রধান শস্য ঋণ কর্মসূচি</td><td>৭.২৫</td><td>৩.৫০</td><td>১৪১.৫৪</td><td>১১২.৯৭</td><td>৮০%</td></tr>
<tr><td>সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি</td><td>৫.৬৫</td><td>৩.৪৪</td><td>২৯৬.৫২</td><td>২৩৩.৭০</td><td>৭৯%</td></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>২.৭৫</td><td>০.২২</td><td>৬৩.১০</td><td>৪৫.৬৫</td><td>৭২%</td></tr>
<tr><td>বীর মুক্তিযোদ্ধা</td><td>০.০০</td><td>০.১৯</td><td>২৯.৩১</td><td>১৯.৪৫</td><td>৬৬%</td></tr>
</table>
</td>
<td>(ক) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করতে হবে।<br><br>(খ) যেসকল আশ্রয়ণের প্রকল্পে এখনও সমিতি গঠন করা হয়নি সেসকল আশ্রয়ণে সমিতি গঠন করতে হবে।<br><br>(গ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>পল্লী উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, নেত্রকোণা সদর উপজেলায় নবনির্মিত আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের নিয়ে ০৫টি ভিন্ন ভিন্ন এলাকায় ০৫টি সমবায় সমিতি গঠন করা হয়েছে। এগুলো নিম্নরুপ:<br>১। বড়গাড়া গোপালপুর আশ্রয়ণ সমবায় সমিতি লি., বড়গাড়া গোপালপুর, ইউনিয়ন: রৌহা, নেত্রকোণা সদর।<br>২। বড়গাড়া নদীরপাড় আশ্রয়ণ সমবায় সমিতি লি., বড়গাড়া নদীরপাড়, ইউনিয়ন: রৌহা, নেত্রকোণা সদর।<br>৩। নগুয়া কুশলগাঁও আশ্রয়ণ সমবায় সমিতি লি., নগুয়া কুশলগাঁও, ইউনিয়ন: মৌগাতী, নেত্রকোণা সদর।<br>৪। তাতিয়র চরপাড়া আশ্রয়ণ সমবায় সমিতি লি., তাতিয়ার চরপাড়া, ইউনিয়ন: ঠাকুরাকোণা, নেত্রকোণা সদর।<br>৫। ঢুলিগাতী আশ্রয়ণ সমবায় সমিতি লি., ঢুলিগাতী, ইউনিয়ন: লক্ষীগঞ্জ, নেত্রকোণা সদর।<br>তিনি আরও জানান আশ্রয়ণ সমিতিতে প্রকল্প দপ্তর হতে বরাদ্দ না পাওয়ায় কোনো সরকারি ঋণ প্রদান সম্ভব হয়নি। তবে ৪নং ক্রমিকে উল্লিখিত আশ্রয়ণ সমিতিটি তাদের নিজস্ব তহবিল থেকে ক্ষুদ্র পরিসরে সদস্যদের মাঝে ক্ষুদ্র ঋণ কার্যক্রম গ্রহণ করেছে। তাছাড়া অত্র উপজেলা পুরাতন আশ্রয়ণ মালনী আশ্রয়ণ প্রকল্পে এবং হাতকুন্ডলী আশ্রয়ণ প্রকল্পে পূর্ব হতেই সমিতি গঠন করতঃ প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত বরাদ্দ হতে ঋণ কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি সভাকে অবহিত করেন যে, উপজেলায় মোট অডিটযোগ্য ১০২টি সমবায় সমিতির মধ্যে ফেব্রুয়ারি/২৫পর্যন্ত ৯০টি সমবায় সমিতির অডিট সম্পন্ন হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে সম্পাদিত অডিটের ভিত্তিতে অডিট ফি ও ভ্যাট বাবদ ১২০৬০/- টাকা ধার্য করা হয় এবং ফেব্রুয়ারি/২৫ মাস পর্যন্ত মোট ১২০৬০/-টাকা আদায় করা হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে সমবায় তহবিল ৩৬০৭/- টাকা ধার্য করা হয় এবং সাকুল্য টাকা আদায় করা হয় ।<br>হাতকুন্ডলী আশ্রয়ণ প্রকল্পে আদায়যোগ্য ঋণ (ঘূর্ণায়মান) ২৩,৩৮,০০০/-। ক্রমপুঞ্জিভুত আদায় ১৪,৬৬,১০৪৬/-টাকা। এ মাসে আদায় ৫০০/-টাকা।<br>মালনী আশ্রয়ণ প্রকল্পে আদায়যোগ্য ঋণ (ঘূর্ণায়মান) ১৪,০৬,৫০০/-এবং ক্রমপুঞ্জিভুত আদায় ১,০০,২৪৯/-টাকা। এ মাসে আদায় ৫০০/-। তাছাড়া ২০২৪-২০২৫ অর্থ বছরে ২টি ভ্রাম্যামান প্রশিক্ষণে ৫০ জনকে আয়বর্ধক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।</td>
<td>(ক) [illegible] হবে।<br><br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>[illegible]</td>
</tr>
<tr>
<td>১৩</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ইউনিয়ন পর্যায়ে খাদ্য ডিলার নিয়োগ করা হবে এবং ডিলার নিয়োগের জন্য বিজ্ঞপ্তি আহ্বান করা হয়েছে। আমন মৌসুমে ২০২৪-২০২৫ অর্থ বছরে ৩৬ মে.টন চাল সংগ্রহ করা হয়েছে এবং ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত চলমান থাকাবে। যা লক্ষ্যমাত্রার ৫০%। বাজারে ধানের দাম বেশি থাকা এবং ধান সরবরাহ অপ্রতুল থাকায় মিলারগণ চাল সংগ্রহ করতে পারছেন না।</td>
<td>(ক) বর্তমানে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমাণ মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ওএমএস চাল বিতরণের সময় প্রত্যেক ডিলারের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>(গ) ২০২৪-২০২৫ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী কি পরিমাণ ধান ও চাল সংগ্রহ করা হয়েছে তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিস</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি নিম্নরূপভাবে তার দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র. নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮,৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>৩,৩২,৬৭,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>১,১৬,০০০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২,৬৮,৬২,৩৭১/-</td></tr>
</table></td>
<td>ক. বিভাগীয় কার্যক্রম আরও কার্যকর ও গতিশীল করতে হবে।<br>খ. উপজেলা যুব উন্নয়ন অফিস হতে প্রশিক্ষণ গ্রহণের পর প্রশিক্ষণার্থীগণ তা কাজে লাগাচ্ছে কি না তা তদারকি করতে হবে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ৬ | আদায়কৃত ক্রমপুঞ্জিত | ২,৬১,৭৭,৯২৩/- |
| ৭ | আদায়ের হার | ৯৭% |
| ৮ | আদায়যোগ্য চলমান | ১,৯০,০০০/- |
| ৯ | আদায়কৃত চলমান | ১৬,১৯,১৮৫/- |
| ১০ | আদায়ের হার | ৯৮% |
| ১১ | মেয়াদ উত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ | ১৬,১৯,১৮৫/- |
| ১২ | ঋণ খেলাপি আদায় | - |
| ১৩ | কিস্তি খেলাপি পরিমাণ | ২০,৮৩৪/- |
| ১৪ | কিস্তি খেলাপি আদায় | - |
| ১৫ | মোট উপকার ভোগীর সংখ্যা | ৬০১ জন |
| ১৬ | মোট ঋণ সংখ্যা | ৮০৬ জন |
| ১৭ | চলমান ঋণ সংখ্যা | ১০২ জন |
| ১৮ | চলতি বছরে প্রশিক্ষণার্থীর সংখ্যা | ২৭০ জন |
| ১৯ | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৬৪৮৫ জন |
| ২০ | চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা | ৪৬ জন |
| ২১ | ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা | ৪১৬৮জন |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা একাডেমিক সুপারভাইজার জানান উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের অধীনে উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানের ২০২৫ শিক্ষাবর্ষে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ চলমান, ৫৩ তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ উদযাপন, ভোটার তালিকা হালনাগদ, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, এমপিও কার্যক্রম যথারীতি বাস্তবায়ন, দুর্নীতি বিরোধী বির্তক প্রতিযোগিতা, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা এবং প্রশাসন ও শিক্ষা বোর্ড কর্তৃক নির্দেশিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে এবং দাপ্তরিক কাজ যথারীতি চলছে। | (ক) প্রতি মাসে ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নিয়মিত বিদ্যালয়/মাদ্রাসা পরিদর্শন করতে হবে।<br>(গ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নেত্রকোণা সদর |

২০২৫ শিক্ষাবর্ষে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের তথ্য বিবরণী

| মাধ্যমিক স্তর | | | এবতেদায়ী স্তর | | |
|---|---|---|---|---|---|
| মোট চাহিদা | মোট প্রাপ্ত | মোট বিতরণ | মোট চাহিদা | মোট প্রাপ্ত | মোট বিতরণ |
| ৪,৭০,৬৪৪ | ৪,০০,৬৪৪ | ৪,০০,৬৪৪ | ৪০,১৩০ | -- | - |

| দাখিলস্তর | | |
|---|---|---|
| মোট চাহিদা | মোট প্রাপ্ত | মোট বিতরণ |
| ১০৪,,৮৩০ | ৫০,৩৫০ | ৫০,৩৫০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি জানান যে তার দপ্তরের আওতায় সংবিধান সংস্কার বিষয়ক জনমত জরিপ ২০২৫,নির্বাচন ব্যবস্থার সংস্কার জনমত জরিপ ২০২৫, স্থানীয় সরকার ব্যবস্থার জনমত জরিপ-২০২৫, গণমাধ্যম ব্যবস্থার জনমত জরিপ-২০২৫, স্বাস্থ্যখাত সংস্কার সংক্রান্ত জনমত জরিপ-২০২৫, উৎপাদনশীল ও টেকসই কৃষি বিষয়ক জরিপ-২০২৫ এবং সিটিজেন পারসেপসান সার্ভে-২০২৫, আইসিটি সার্ভে চলমান রয়েছে। | (ক) দপ্তরের কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ৪র্থ অর্থনৈতিক শুমারির হালনাগাদ তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) দাপ্তরিক সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার নেত্রকোণা সদর |
| ১৭ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সমিতির সংখ্যা ১১৭টি এবং সমিতির সদস্য সংখ্যা ৪২৫৩ জন, ঋণী সদস্য ২১৩৪ জন, ক্ষুদ্র ঋণ কার্যক্রমের ১১২.০২ লক্ষ টাকা ২৮১ জনে মাঝে বিতরণ করা হয়েছে। আদায়ের হার ৯৮%, নারী উন্নয়নে ঋনণর ১০৪.১০ লক্ষ টাকা ৯২ জনের মাঝে বিতরণ করা হয়েছে। আদায়ের হার ৯৯%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের ৬৩.১০ লক্ষ টাকা ২৪ জনের মধ্যে বিতরণ করা হয়েছে এবং আদায়ের হার ৯৯%। প্রণোদনা ঋণের ১১৪.৪৩ লক্ষ টাকা ৪৩ জনের মধ্যে বিতরণ করা হয়েছে। উঠান বৈঠক প্রতি সমিতিতে প্রতি মাসে ০১টি করা হয়। তাছাড়া কম্পিউটার, হাঁস মুরগী পালন, শাকসবজি চাষ, মৎস্য চাষ, গরু মোটাতাজাকরণ, গাভী পালন, সেলাই প্রশিক্ষণ মোট ১০টি ব্যাচে সম্পন্ন হয়েছে। পরিবার পরিকল্পনা গ্রহণ, বাল্যবিবাহ রোধ ও মাদকের কুফল ইত্যাদি বিষয়ে সমিতি পর্যায়ে উঠান বৈঠক করা হয়েছে। | (ক) প্রশিক্ষণ কার্যক্রমের বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ক্ষুদ্র ঋণ গ্রহীতাদের কার্যক্রম তদারকি করতে হবে।<br>(গ) দাপ্তরিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা নেত্রকোণা সদর |
| ১৮ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সোসাল ফরেস্টি নার্সারি এন্ড ট্রেনিং সেন্টার, নেত্রকোণা বিভাগ জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান বনজ দ্রব্য পরিবহনের বিধিমালা ২০১১ এর ৫ ধারায় বিক্রয়ের জন্য বিভিন্ন প্রকার ১০ হাজার | (ক) কোনো গাছ কর্তনের প্রয়োজন হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সোসাল |

<table>
<tr><td></td><td></td><td>জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান বনজ দ্রব্য পরিবহনের বিধিমালা ২০১১ এর ৫ ধারায় বিক্রয়ের জন্য বিভিন্ন প্রকার ১০ হাজার চারা উত্তোলনের কাজ চলমান আছে।</td><td>প্রয়োজন হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td>কর্মকর্তা, সোসাল ফরেস্টি নার্সারি এন্ড ট্রেনিং সেন্টার</td></tr>
<tr><td>১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, নেত্রকোণা সদর উপজেলায় মোট ইউনিয়ন ১২টি, পৌরসভা ০১টি, মোট সমিতি ৩৭০টি, মোট সদস্য সংখ্যা ১৪৩৫৭ জন, মোট সঞ্চয় স্থিতি ৭৫১.৬৫ (লক্ষ) টাকা, মোট ঋণী সদস্য ৯,১৪২ জন, মোট ঋণ স্থিতি ২৪৯৯.৭৩ (লক্ষ) টাকা, Standard loan ১৩৮৫.৫৭ লক্ষ টাকা, sma loan ৮৫.৬০ লক্ষ টাকা, ss loan ৬৬৭.৬৫ লক্ষ টাকা, df ২৪৩.৮৮ লক্ষ টাকা, b/l loan ১১৭.১৩ লক্ষ টাকা, সদস্য শেয়ার প্রভিড ১০৫ লক্ষ টাকা, সমিতি শেয়ার প্রভিড ২.৯৭ লক্ষ টাকা, ডোনেসন ০.০৮ লক্ষ টাকা, ম্যানুয়াল সম্পদ আদায় ১.০২ লক্ষ টাকা।
<table>
<tr><td>ক্রমিক</td><td>বিবরণ</td><td>সংখ্য</td><td>(লক্ষ টাকা)</td></tr>
<tr><td>০১</td><td>গাভি পালন</td><td>৩৬০৫টি</td><td>৯৮০.০০</td></tr>
<tr><td>০২</td><td>সবজিচাষ</td><td>৪৫০টি</td><td>১১২.০০</td></tr>
<tr><td>০৩</td><td>হাঁস-মুরগী পালন</td><td>৯২০টি</td><td>২৪৮.৪০</td></tr>
<tr><td>০৪</td><td>ক্ষুদ্র ব্যবসা</td><td>৪১২০টি</td><td>১১১২.৪০</td></tr>
<tr><td>০৫</td><td>অন্যান্য</td><td>৪৭টি</td><td>৪৬.৯৩</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৯১৪২ টি</td><td>২৪৯৯.৭৩</td></tr>
</table>
জানুয়ারি ২০২৫ মাসের আগ্রগতি : সঞ্চয় আদায় = ৪.৩৩ লক্ষ টাকা, ঋণ আদায় ৫০.৫৯ লক্ষ টাকা, ঋণ বিতরণ ৩৫.৭৪ লক্ষ টাকা</td><td>(ক) বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করতে হবে।<br>(খ) ঋণ খেলাপীদের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) বিতরণকৃত ঋণ আদায়ের লক্ষ্যে কার্যক্রম আরও জোরদার করতে হবে।<br><br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>২০</td><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা জানান কমিউনিটি ক্লিনিক ও স্বাস্থ্য সেবা নিয়ে কাজ করা হচ্ছে। সেসকল বাচ্চাদের দুই বছর পর্যন্ত টিকা দেওয়া হবে তার অন-লাইনে ডাটাবেজ তৈরির জন্য বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা হচ্ছে। তাছাড়া তার কার্যালয় হতে সরাসরি রোগীদের কোনো সেবা বা ঔষধ দেওয়া হয় না। ইউনিয়ন পর্যায়ে শিশুদের টিকা সরবরাহ করা হয়। মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মসূচির বিভিন্ন কার্যক্রম তদারকি করা হয়। কমিউনিটি ক্লিনিকের CHCP দের নিয়মিত উপস্থিত থাকার জন্য AHIগণের দিয়ে তদারকি করানো হয়। সিসি থেকে বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য সেবা ও ২৭ ধরনের ঔষধ প্রদান করা হয়। কমিউনিটি ক্লিনিকসমূহ নিয়মিত পরিদর্শন করা হয়।</td><td>(ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরনের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(গ) প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>২১</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করা হয়। তিনি আরও জানান পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে।</td><td>উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করতে হবে।</td><td>উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br><br>উপজেলা পর্যায়ে কর্মকর্তা (সকল)<br><br>ইউপি চেয়ারম্যান/ প্রশাসক (সকল)</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম জোরদার করতে হবে। | চেয়ারম্যান / প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২৩ | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.১.২০২৫ তারিখ হতে ৩১.১.২০২৫ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ৩৫,৪৩,৮৯৪/৪৩ ব্যয় ১,১৮,৯১৫/- টাকা এবং স্থিতি ২,৬৪,৫৫,০৭১/১৮ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| ২৪ | বিবিধ-১ | (ক) উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৫ মাসের আপ্যায়ন, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির আপ্যায়ন, আনুষঙ্গিক বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার ও ফুলের তোড়ার বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদের পত্রিকা বিল পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের ড্রেন, আশ-পাশ পরিষ্কার পরিচ্ছন্নতার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদ ও উপজেলা হল রুমের ইন্টারনেট বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লিখিত ব্যয়সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ২৫ | বিবিধ-২ | গত ১৫/০২/২৪ তারিখে জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির আলোচনার নির্দেশনামতে সকল ইউনিয়ন পরিষদে ইউডিসির মাধ্যমে বিদেশ গমনেচ্ছুদের আবেদনের ব্যবস্থা এবং ইউডিসি প্রদত্ত সেবার নির্ধারিত মূল্য তালিকা অনুসরণের বিষয়ে আলোচনা হয়।<br><br>তাছাড়া তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (ক) ইউডিসির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদেশ গমনেচ্ছুদের আবেদন সেবা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ইউডিসি'র নির্ধারিত সেবামূল্য তালিকা অনুসরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউপি (সকল) |
| ২৬ | বিবিধ-৩ | ডেঙ্গু মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে সকল বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট বাজারের ইজারাদারদের পত্র দেওয়ার জন্য সভায় আলোচনা হয়। | বাজারের ইজারাদারদের পত্র দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭ | বিবিধ-৪ | শিক্ষার মানোন্নয়নে প্রতিষ্ঠানে নিয়মিতভাবে (প্রতি তিনমাসে একবার) নিম্নোক্ত সভা অনুষ্ঠানের জন্য আলোচনা করা হয়।<br>(১) শিক্ষক সমাবেশ, (২) অভিভাবক/মা সমাবেশ, (৩) মাদক ও কিশোর গ্যাং বিরোধী সমাবেশ, (৪) যৌতুক নিরোধ সমাবেশ,<br>(৫) ডেঙ্গু নিরোধ/পরিবেশ সংরক্ষণ সমাবেশ, (৬) প্রাত্যহিক সমাবেশ। উক্ত সমাবেশ/সভা অনুষ্ঠান আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য আলোচনা হয়।<br>এছাড়াও ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ ও সাংগঠনিক নেতৃত্বগুণ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়। (১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যাণ ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | (ক) সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা/সমাবেশ আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(খ) ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ, সাংগঠনিক নেতৃত্বগুণ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br><br>উপজেলা শিক্ষা অফিসার<br><br>শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | | নিয়মিত কার্যক্রম পরিচালনা করতে হবে। (১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যাণ ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/০২/২৫
(আসিমা বিনতে রফিক)
প্রশাসক
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

১১ ফাল্গুন ১৪৩১

স্মারক নম্বর : ০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯- ২০২

তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৫. উপজেলা................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান/প্রশাসক,.................................ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।

২৪/০২/২৫
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা